# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**SECOND YEAR**

**B.A./B.SC. THIRD SEMESTER (July – December) 2014**

**Mid-Semester Examination, September 2014**

Date : 15/09/2014

**BENGALI (Honours)**

Time : 2 pm – 4 pm

Paper : III

Full Marks : 50

**(প্রতি বিভাগের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করো)**

## ক - বিভাগ

১। বাংলা সাহিত্যের শ্রদ্ধেয় ঐতিহাসিকের মতে ঈশ্বর গুপ্ত হলেন 'যুগসন্ধির কবি'। তাঁর সম্পর্কে এই মন্তব্য কতখানি যথার্থ হয়েছে বলে তুমি মনে করো? ব্যাখ্যা দাও। [10]

**অথবা,**

বাংলা কাব্যের ইতিহাসে কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়-এর অবদানকে তুমি কীভাবে মূল্যায়ন করবে আলোচনা করো।

২। কবির 'জীবনদেবতা' কে? কবির সঙ্গে জীবনদেবতার সম্পর্কের কথা কবি যেভাবে 'জীবনদেবতা' কবিতায় বিবৃত করেছেন তার ব্যাখ্যা দাও। [4+6]

**অথবা,**

'আজ রজনীতে হয়েছে সময়' — 'অভিসার' কবিতায় সন্ন্যাসীর এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। 'দিদি-হারা' কবিতায় শিশুমনের বিষণ্ণতার গভীর ছবিটি তোমার কাছে কীভাবে পরিস্ফুট হয়েছে ব্যাখ্যা করে বুঝিয়ে দাও। [10]

**অথবা,**

'জীবন-ভিক্ষা' কবিতায় যে 'শেষ শিক্ষা'-র প্রসঙ্গ এসেছে তা ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

৪। 'বিসর্জন' নাটকের নামকরণ কতখানি সার্থক হয়েছে বলে তোমার মনে হয়? ব্যাখ্যা দাও। [10]

**অথবা,**

'দুই শক্তি জয়সিংহকে দুই দিক হতে আকর্ষণ করতে লাগল।' দুই শক্তির আকর্ষণ জয়সিংহ-র সিদ্ধান্তকে কীভাবে প্রভাবিত করেছিল আলোচনা করো।

## খ - বিভাগ

৫। সন্ধি বিচ্ছেদ করো (যে কোন **পাঁচটি**) [5]

অভ্যুদয়, গবেষণা, পরস্পর, ষড়যন্ত্র, নীরব, প্রাতরাশ, স্তাবক, তরুচ্ছায়া

৬। সন্ধি যুক্ত করো (যে কোন **পাঁচটি**) [5]

তীর্থ + উদক, জন + এক, জীবৎ + মৃত, ইতঃ + তত, মনঃ + কষ্ট, প্রায় + চিত্ত, বিদ্যুৎ + অয়ন, গো + অক্ষ

——————— × ———————